

الْعَظِيمِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৩৪ তম নাম 'الْعَظِيمِ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْعَظِيمِ' শব্দের মূল ع - ظ - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১২৮ বার এসেছে। সম্মান করা, সম্মানিত করা, হাড়, অতি মহান ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْعَظِيمِ অর্থ: 'তিনি অতি মহান'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ﴿٢٥٥﴾

তিনি সর্বশ্রেষ্ঠ, সর্বমহান। (সূরা আল বাকারা: আয়াত নং ২৫৫)

مَا يَوَدُّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَلَا الْمُشْرِكِينَ أَنْ يُنَزَّلَ عَلَيْكُمْ مِنْ خَيْرٍ مِمَّنْ رَّبِّكُمْ وَاللَّهُ يَخْتَصُّ بِرَحْمَتِهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ﴿١٠٥﴾

আহলে-কিতাব ও মুশরিকদের মধ্যে যারা কাফের, তাদের মনঃপুত নয় যে, তোমাদের পালনকর্তার পক্ষ থেকে তোমাদের প্রতি কোন কল্যাণ অবতীর্ণ হোক। আল্লাহ যাকে ইচ্ছা বিশেষ ভাবে স্বীয় অনুগ্রহ দান করেন। আল্লাহ মহান অনুগ্রহদাতা। (সূরা আল বাকারা: আয়াত নং ১০৫)

لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ﴿٤﴾

মহাবিশ্ব এবং পৃথিবীতে যা কিছু আছে, সবই তাঁর। তিনি সর্বোচ্চ, অতি মহান। (সূরা আশ শুরা: আয়াত নং ৪)

فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ ﴿٧٤﴾

অতএব! তুমি (হে রাসূল) তোমার মহান প্রভুর নাম নিয়ে তসবিহ করো। (সূরা ওয়াকিয়া: আয়াত নং ৭৪)

বুখারী ও মুসলিম শরীফের হাদিস-

দু'টি বাক্য -

سُبْحَانَ اللَّهِ ، وَبِحَمْدِهِ سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ -

সমস্ত প্রশংসা ও গৌরব একমাত্র আল্লাহর। তিনি সর্বোচ্চ ও মহান। যা পাঠ করতে ও মুখস্থ করতে জিহবার জন্য সহজ, কিন্তু, মিজানে ওজনে ভারী এবং দয়াময় আল্লাহর কাছে অনেক প্রিয়।

আসুন, সর্বমহান আল্লাহ ও রাসূলের আনুগত্য করি। তাঁর সাথে কাউকে শরিক না করি। 'শরিক' সবচেয়ে বড় জুলুমের অপরাধ। যা আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদেরকে শরিকমুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবাকাতুহা।